



তথ্যবিবরণী

নম্বর-২৪৯

রামেবিতে 'ইনোভেশন শোকেসিং বিষয়ক' কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী, ২৪ বৈশাখ (০৭ মে) :

আজ মঙ্গলবার (৭ মে) সকাল দশটায় রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (রামেবি) অস্থায়ী কার্যালয়ের সভাকক্ষে ই-গর্ভন্যাস ও উদ্ভাবন পরিকল্পনা উন্নয়ন ২০২৩-২০২৪ বাস্তবায়নের অংশ হিসেবে ইনোভেশন শোকেসিং বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

রামেবির ইনোভেশন কমিটির আয়োজনে ইনোভেশন কমিটির সভাপতি ও রেজিস্ট্রার (অ.দা) ডা. মো. জাকির হোসেন খান্দকারের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রামেবির উপাচার্য অধ্যাপক ডা. এজেডএম মোস্তাক হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. রুস্তম আলী আহমেদ।

ইনোভেশন শোকেসিং অনুষ্ঠানে উপাচার্য বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। শিক্ষার গুণগত মানোন্নয়নে উদ্ভাবনী পরিকল্পনা খুবই জরুরি। আজকের প্রদর্শনীর মাধ্যমে প্রাপ্ত প্রশাসনিক কার্যক্রমগুলো বাস্তবায়নের মাধ্যমে রামেবির প্রশাসনিক কার্যক্রম গতিশীল এবং কর্মপরিবেশ আরো উন্নত হবে।

কর্মশালায় রামেবির প্রশাসন বিভাগ, পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর, কলেজ পরিদর্শন দপ্তর, অর্থ ও হিসাব বিভাগ, ডিন দপ্তর, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগসহ মোট ৬টি দপ্তর অংশগ্রহণ করে। কর্মশালায় অংশগ্রহণকারী দপ্তরগুলো বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক, দাপ্তরিক ও একাডেমিক কার্যক্রম এবং অভ্যন্তরীণ যোগাযোগ সহজীকরণের লক্ষ্যে নিজ নিজ দপ্তরের উদ্ভাবিত নতুন নতুন কর্মপন্থা প্রদর্শন করে।

উদ্ভাবন প্রদর্শন শেষে ১ম, ২য়, ৩য় স্থান অধিকারী দপ্তরের সদস্যদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়।

এসময় রামেবির পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ডা. মো: আনোয়ার হাবিবসহ বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/২০২৪/১৭:১০ ঘ.